

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি
২৮ চেত্র ১৪২৯
তারিখঃ ১১ এপ্রিল ২০২৩

পত্র সংখ্যা- ৪৬.০৯৯.০১৪.০০০.০০.০২৩.২০- ১১৪

বিষয়ঃ উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের তথ্যাদি MIS সফটওয়্যার আপলোড/আপডেটকরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃংখলাসহ সুশাসন নিশ্চিতকরণে মাননীয় প্রধানমন্ত্রী ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে মতবিনিময় সভায় প্রকল্প প্রণয়ণ, বাস্তবায়ন ও মনিটরিং বিষয়ে নিম্নরূপ নির্দেশনা/অনুশাসন প্রদান করেন:

“নির্দেশনা ১৪.৭- উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে গুণগতমান, স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার এবং কার্যকর মনিটরিং এর জন্য তথ্য প্রযুক্তি ভিত্তিক পদ্ধতি প্রচলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে”।

উক্ত অনুশাসন বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং, ইনস্পেকশন ও ইভ্যালুয়েশন (মইই) অনুবিভাগ কর্তৃক তথ্য-প্রযুক্তিভিত্তিক মনিটরিং পদ্ধতি (Web Based Monitoring System) প্রবর্তনপূর্বক (<http://mis-lgd.gov.bd>) প্রণয়ন করা হয়েছে। উক্ত সফটওয়্যারে উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের তথ্যাদি উপজেলা পরিষদসমূহ কর্তৃক MIS সফটওয়্যারে নিয়মিত আপলোড না করার ফলে মনিটরিং কার্যক্রম ব্যাহত হচ্ছে।

উল্লেখ্য যে, মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ MIS নিয়মিত পর্যবেক্ষণ করেছেন। ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণকে ID ও Password প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদের গত অর্থবছরের (২০২১-২০২২) রাজস্ব আয় ও ব্যয়ের তথ্যাদি MIS সফটওয়্যারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ড. মাসুরা বেগম
উপসচিব

ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১

E-mail:mon1@lgd.gov.bd

বিতরণ: (কার্যার্থে):

উপজেলা নির্বাহী অফিসার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগ (সকল)।

অনুলিপি (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (মওমু), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, সকল বিভাগ।
- ৪। জেলা প্রশাসক ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগ (সকল)।
- ৫। উপসচিব (উপজেলা১/২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল).....জেলা (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)
- ৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগ (সকল)।
- ৯। প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি., গুলশান, ঢাকা।
- ১০। প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
- ১১। অফিস কপি।